৩৮

৫৯

দৈনিক সংবাদ

তারিখ 29 AUG 1989
পৃষ্ঠা ৫ কলাম ২

২৭

# রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

রাজশাহী, ২৮শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।– রাজশাহী মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিল আজ থেকে মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। ছাত্রদের আজ সন্ধ্যা ৭টা এবং ছাত্রীদের আগামীকাল সকাল ৭টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

অধ্যক্ষের পদত্যাগের দাবীতে আজ সকাল ৮টা থেকে ২টা পর্যন্ত মেডিক্যাল কলেজের ৫০ জন ছাত্র প্রতীক অনশন পালন করে।

গত ২৩শে আগষ্ট মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ নেতৃবৃন্দ জহির রায়হানের 'ষ্টপ জেনোসাইড' প্রদর্শনের জন্য অধ্যক্ষের অনুমতি চাইতে গেলে তিনি তানা দিয়ে ছাত্র নেতৃবৃন্দের সাথে দুর্ব্যবহার করেন এবং নেতৃবৃন্দকে তার কক্ষ থেকে বের করে দেন। এরপর ছাত্ররা গত ২৪শে আগষ্ট

(শেষ পৃ: ৮-এর ক: দেখুন)

## রাজশাহী মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

সকালে অধ্যক্ষের পদত্যাগের দাবীতে তার কক্ষে তালা ঝুলিয়ে দেয়। আজ পর্যন্ত এই তালা খোলা হয়নি। ছাত্ররা সকাল থেকে অনশন শুরু করে।

এদিকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা আজ তাদের বেতন বিলের স্বাক্ষরের জন্য অধ্যক্ষের বাসভবনে গেলে তিনি জানান, অধ্যক্ষের কার্যালয়ে না গেলে তিনি সই করবেন না। এই অবস্থায় একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তক্রমে কলেজ বন্ধ করে দেয়া হয়।

কলেজ কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৩রা সেপ্টেম্বর অনুষ্ঠেয় পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হবে। এ কারণে শুধুমাত্র পরীক্ষার্থীদের জন্য ৩১শে আগষ্ট হলগুলো খুলে দেয়া হবে।

মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ এবং ২২টি ছাত্র সংগঠনের এক যুক্ত বিবৃতিতে বলা হয়েছে, পরীক্ষা নেয়া এবং কর্মচারীদের বেতন যথাসময়ে প্রদানের সাথে উদ্ভূত পরিস্থিতির কোন যোগসূত্র নেই। সুতরাং শুধুমাত্র অধ্যক্ষের পদত্যাগের দাবীর প্রেক্ষিতে কলেজ বন্ধের মত হঠকারী পদক্ষেপ কখনোই সঠিক হতে পারে না। বিবৃতিতে তাঁরা বলেন, ছাত্রদের শিক্ষাজীবনের কথা চিন্তা করে শিক্ষকমণ্ডলী বিষয়টি গভীরভাবে উপলব্ধি করবেন এবং অবিলম্বে মেডিক্যাল কলেজ খুলে দেয়ার ব্যবস্থা করবেন।